

স্মারক নং-০৫.৪২.৫১৬৫.০০০.১৯.০০৭.২০-৯০৫

তারিখঃ ৮ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ  
২৩ নভেম্বর, ২০২০ খ্রিঃ


### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ৬ মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ/ ০৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস, আর ও নং- ৮৯ আইন/২০১৫ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই, ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস, আর ও নং-২২৭-আইন/২০১৬ এর আদেশবলে লক্ষ্মীপুর জেলাধীন রামগঞ্জ উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (মহল্লাদার) শূন্যপদে জনবল নিয়োগের জন্য স্ব স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং:	ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নম্বর	পদের বিপরীতে মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা
		মহল্লাদার			
১	২	৩	৪	৪	৬
১)	১নং কাঞ্চনপুর	০১জন	৪	৬,৫০০/- (সরকারি অংশের ৩,২৫০/- ও ইউনিয়ন পরিষদ অংশের ৩,২৫০/-)।	সর্বনিম্ন অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২)	২নং নোয়াগাঁও	০৪জন	৩,৫,৭,৮		
৩)	৩নং ভাদুর	০১জন	৬		
৪)	৪নং ইছাপুর	০১জন	৭		
৫)	৫নং চন্ডিপুর	০১জন	৪		
৬)	৬নং লামচর	০২জন	৫,৯		
৭)	৮নং করপাড়া	০২জন	৫,৯		
৮)	১০নং ভাটরা	০৩জন	২,৭,৮		

#### শর্তাবলীঃ

- ১। মহল্লাদার পদের প্রার্থীকে স্ব স্ব ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স ০৮.১২.২০২০ খ্রিঃ তারিখে, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।
- ৩। প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২'' (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৫০ কেজি ও সুঠাম দেহের অধিকারী হতে হবে এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫'' ফুট সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৪৫ কেজি এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
- ৪। আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) দাখিল করতে হবে।
- ৫। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
  - (ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্র।
  - (খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি।
  - (গ) পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি সত্যায়িত রঙিন ছবি।
  - (ঘ) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞার সত্যায়িত সনদপত্র।
- ৬। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে।
- ৭। আবেদনের সাথে ১০.০০(দশ) টাকার ডাকটিকিট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫" x ১০" সাইজের ১(এক)টি খাম দিতে হবে।
- ৮। প্রার্থীর বয়স ০৮.১২.২০২০ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৯। প্রার্থীর আবেদনপত্র আগামী ০৮.১২.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময় সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।
- ১০। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা।
- ১১। নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত/সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


  
২৩.১১.২০২০

(তাপ্তি চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার  
রামগঞ্জ, লক্ষ্মীপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
- ৫। চেয়ারম্যান উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৭। অফিসার ইনচার্জ (ওসি), রামগঞ্জ থানা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৮। চেয়ারম্যান-----ইউনিয়ন পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর (ইউনিয়ন এবং উপজেলা তথ্য বাতায়নে আপলোডপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ১০। অফিস কপি।

  
২৩.১১.২০২০

(তাস্তি চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

রামগঞ্জ, লক্ষ্মীপুর।

মোবাইল নং-০১৭৮৮৫৭৭১২

ই-মেইলঃ- [www.unoramganj@gmail.com](mailto:www.unoramganj@gmail.com)